

সমকাল

০৬/০৪/২০১৫

৪১ হাজার দক্ষ জনবল তৈরি করবে বিকেএমইএ

■ সমকাল প্রতিবেদক

তিন বছরে ৪১ হাজার দক্ষ জনবল তৈরি করবে পোশাক খাতের নিট ব্যবসায়ীদের সংগঠন বিকেএমইএ। প্রকল্পে আর্থিক সহায়তা দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এ প্রকল্প তত্ত্বাবধান করবে অর্থ মন্ত্রণালয়। এ বিষয়ে তিন পক্ষের মধ্যে গতকাল রোববার একটি সমঝোতা স্মারক সই হয়েছে। অর্থ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সমঝোতায় মন্ত্রণালয়ের পক্ষে যুগ্ম সচিব জালাল আহমেদ ও বিকেএমইএর পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা সুলভ চৌধুরী স্বাক্ষর করেন। এডিবির কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। সুলভ চৌধুরী জানান, ব্যবস্থাপনার মধ্যম পর্যায় থেকে শুরু করে বিভিন্ন পদে দক্ষ জনবল তৈরি করা হবে এ প্রকল্পের আওতায়।